

# বেঁচে যাওয়া পেইন্ট ব্যবস্থাপনার প্রোগ্রাম

প্রতি বছর মার্কিন যুক্তরাষ্ট্রে প্রায় ৪50 মিলিয়ন গ্যালন আর্কিটেকচারাল পেইন্ট বিক্রি হয়। আপনি কি জানেন যে সেগুলোর প্রায় 10 শতাংশ অব্যবহৃত থাকে এবং পুনর্ব্যবহারের উপযুক্ত থাকে?

পেইন্ট স্টুয়ার্ডশিপ আইন অনুযায়ী পোস্টকনজুমার (অবশিষ্ট) আর্কিটেকচারাল পেইন্ট ব্যবস্থাপনার জন্য পেইন্ট উত্পাদন শিল্পকে আর্থিকভাবে টেকসই এবং পরিবেশগতভাবে দায়বদ্ধ প্রোগ্রাম প্রণয়ন করতে হবে। পেইন্ট উত্পাদনকারীরা স্টেটগুলোতে প্রযোজ্য আইনের আওতায় পেইন্ট স্টুয়ার্ডশিপ প্রোগ্রাম পরিচালনার জন্য PaintCare, একটি অলাভজনক সংস্থা তৈরি করেছে।

প্রোগ্রামের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে সঠিক পরিমাণে পেইন্ট ক্রয়ের শিক্ষা, অবশিষ্ট পেইন্টটি ব্যবহারের টিপস এবং স্টেটজুড়ে সুবিধাজনক স্থানগুলিতে রিসাইক্লিং লোকেশন স্থাপন করা।

## PaintCare পণ্যসমূহ

প্রোডাক্টগুলো কেনার সময় আপনাকে একটি ফি দিতে হবে তবে ড্রপ-অফ এর জন্য কোনো অতিরিক্ত খরচ দিতে হবে না:

- ইন্টেরিওর ও এক্সটেরিওর আর্কিটেকচারাল পেইন্ট: ল্যাটেক্স, অ্যাক্রেইলিক, ওয়াটার-বেজড, আলকাইড, অয়েল-বেজড, এনামেল (টেক্সচার কোটিং সহ)
- ডেক কোটিং, ফ্লোর পেইন্ট (ইলাস্টোমেরিক সহ)
- প্রাইমার, সিলার, আন্ডারকোটার
- স্টেইন
- শিলাক, ল্যাকুর, বার্নিশ, ইউরেথান (একক উপাদান)
- কংক্রিটের ওয়াটারপ্রফিং, ম্যাসনরি, উড সিলার ও রিপেলেন্ট (আলকাতরা বা বিটুমিন বেজড নয়)
- মেটাল কোটিং, মরিচা প্রতিরোধক
- ফিল্ড ও লন পেইন্ট

ফুটো, লেবেলবিহীন ও খালি কন্টেইনার ড্রপ-অফ সাইটগুলোতে গ্রহণযোগ্য নয়।

### PaintCare পণ্য নয় যেগুলো

- পেইন্ট থিনার, মিনারেল স্পিরিট, সলভেন্ট
- অ্যারোসোল কোটিং
- অটো ও মেরিন পেইন্ট
- আর্ট ও ক্রাফ্ট পেইন্ট
- কাল্ক, এপোক্সি, গ্লু, অ্যাডহেসিভ
- পেইন্ট অ্যাডিটিভ, কালার্যান্ট, টিন্ট, রেজিন
- উড প্রিজারভেন্ট (কীটনাশকযুক্ত)
- রুফ প্যাচ ও রিপেয়ার
- অ্যাশফল্ট, আলকাতরা ও বিটুমিন বেজড প্রোডাক্টসমহ
- 2-উপাদান বিশিষ্ট কোটিং
- ডেক ক্লিনার
- ট্রাফিক ও রোড মার্কিং পেইন্ট
- ইন্ডাস্ট্রিয়াল মেন্টেনেন্স (IM) কোটিং
- অরিজিনাল ইকুইপমেন্ট ম্যানুফ্যাকচারার (OEM)
  (শপ অ্যাপ্লিকেশন) পেইন্ট ও ফিনিশ

PaintCare এর পণ্য নয় এমন প্রোডাক্টগুলোর ও সঠিক অপসারণ সম্পর্কে তথ্যের জন্য, দয়া করে আপনার গার্বেজ হলার, স্থানীয় পরিবেশ স্বাস্থ্য সংস্থা, হাউজহোল্ড হ্যাজার্ডাস ওয়েস্ট প্রোগ্রাম অথবা গণপূর্ত বিভাগের সাথে যোগাযোগ করুন।







#### অবশিষ্ট পেইন্ট কোথায় নিয়ে যাব?

PaintCare-এর সঙ্গে পেইন্ট রিসাইকেল করা সুবিধাজনক। আমরা পেইন্ট স্টুয়ার্ডশিপ আইন মেনে স্টেটজুড়ে পেইন্ট ড্রপ-অফ সাইট স্থাপন করি। আপনার নিকটতম ড্রপ-অফ সাইট খুঁজে পেতে, www.paintcare.org-এ PaintCare-এর ড্রপ-অফ সাইট লোকেটার ব্যবহার করুন অথবা (855) PAINT09 নম্বরে আমাদের হটলাইনে কল করুন।

### কীভাবে রিসাইকেল করবেন

যেকোনো ব্র্যান্ডের সম্প্রতি ব্যবহৃত কিংবা বহু বছরের পুরানো হাউজ পেইন্ট, স্টেইন ও বার্নিশ হোক না কেন, PaintCare সাইটগুলোতে সবই গ্রহণ করা হয়। কন্টেইনারটি অবশ্যই পাঁচটি গ্যালন বা তার চেয়ে ছোট হতে হবে এবং কিছু কিছু ধরনের পেইন্ট গ্রহণ করা হয় না। PaintCare যাকিছু গ্রহণ করে সেগুলির তালিকার জন্য ব্যাক প্যানেলটি দেখুন।

সকল PaintCare ড্রপ-অফ সাইটগুলোতে প্রতিবারের ভিজিটে পাঁচ গ্যালন পেইন্ট গ্রহণ করা হয়। কিছু কিছু সাইটে আরও বেশি গ্রহণ করা হয়। ব্যবসার জন্য সময় নিশ্চিত করতে এবং আপনি যে রিসাইকেল করতে চান এমন পরিমাণের পেইন্ট তারা গ্রহণ করে কিনা তা নিশ্চিত করার জন্য দয়া করে সাইটগুলোতে কল করুন।

সকল পেইন্ট কন্টেইনারের ঢাকনা এবং আসল থাকা নিশ্চিত করুন এবং গাড়ি চালালে সেগুলোকে আপনার গাড়িতে সুরক্ষিতভাবে লোড করুন। ড্রপ-অফ সাইটগুলোর স্বাভাবিক কর্মকালীন সময়ে সেগুলোকে সেখানে নিয়ে যান। আমরা সেখান থেকে সংগ্রহ করে নেব।



PaintCare আপনার বেঁচে যাওয়া পেইন্টকে পুনর্ব্যবহারযোগ্য পেইন্টের সাথে পুনরায় মিশ্রিত করা, জ্বালানী হিসাবে ব্যবহৃত হওয়া, অন্যান্য প্রোডাক্ট হিসাবে রূপান্তরিত করা অথবা কোনও উপকারী ব্যবহার খুঁজে না পাওয়া গেলে সেগুলিকে সঠিকভাবে অপসারণ করা নিশ্চিত করে।

#### প্রোগ্রামটি কারা ব্যবহার করতে পারবেন?

PaintCare ড্রপ-অফ সাইট কোনো পারিবারিক গৃহ থেকে যতটা ল্যাটেক্স বা অয়েল –বেসড পেইন্ট গ্রহণ করতে ইচ্ছা করবে তারা সেখানে ততটাই ড্রপ-অফ করতে পারবে।

PaintCare ড্রপ-অফ সাইট গ্রহণ করতে ইচ্ছুক ব্যবসাগুলি যেকোনো পরিমাণ ল্যাটেক্স-ভিত্তিক পেইন্ট ড্রপ-অফ করতে পারে, তবে অয়েল –বেসড পেইন্টের ক্ষেত্রে সীমা প্রযোজ্য হতে পারে। আরও তথ্যের জন্য www.paintcare.org/ business-limits দেখুন।

### আপনারা কি বিপুল পরিমাণে পেইন্ট গ্রহণ করেন?

আপনার ব্যবসায় প্রতিষ্ঠান বা বাড়িতে যদি পুনর্ব্যবহারের জন্য কমপক্ষে 100 গ্যালন পেইন্ট থাকে তাহলে আমাদের বিনামূল্যের লার্জ ভলিয়ুম পিকআপ পরিষেবার জন্য অনুরোধ জানাতে পারেন। আরও বিশদ জানতে বা পিকআপের অনুরোধ জানাতে দয়া করে www.paintcare.org দেখুন।



### PaintCare এর ফি

স্টেট-এ বিক্রি হওয়া প্রতি ক্যান পেইন্টের জন্য প্রস্তুতকারকদের দ্বারা পরিশোধিত ফি দিয়ে PaintCare-এর অর্থায়ন করা হয়। প্রস্তুতকারকরা খুচরা বিক্রেতাদের কাছ থেকে এই ফি-টি আদায় করে নেয়, পরবর্তীতে যারা আবার এটিকে পেইন্টের দামের সাথে যুক্ত করে দেয়। গ্রাহকের রশিদে ফি-টি উল্লেখ করার জন্য খুচরা বিক্রেতাদেরকে উত্সাহিত করা হয়। ফি 30 সেন্ট থেকে শুরু করে \$2.45 পর্যন্ত হয়ে থাকে এবং কন্টেইনারের আকার ও স্টেট অনুসারে পরিবর্তিত হয়।

\$0.30 - \$0.65	ছোট কন্টেইনার (উদাহরণ: পাইন্ট ও কোয়ার্ট)
\$0.65 - \$1.35	মাঝারি কন্টেইনার (উদাহরণ: 1 গ্যালন)
\$1.50 - \$2.45	5 গ্যালন পর্যন্ত বড় আকারের

#### এটি কোনও আমানত নয়

ফি-টি কোনও আমানত নয় — এটি ক্রয় মূল্যের একটি অংশ। রিসাইক্লিং, জনশিক্ষা, কর্মচারির বেতন ও অন্যান্য ব্যয় মেটানো সহ প্রোগ্রামটি পরিচালনা করার জন্য এই ফি তহবিল হিসেবে ব্যবহৃত হয়।

#### যোগাযোগ

আরও জানতে অথবা একটি ড্রপ-অফ সাইট সন্ধান করতে, দয়া করে www.paintcare.org দেখুন অথবা (855) PAINT09 নম্বরে কল করুন।



